bdnews24.com

a^অ

চট্টগ্রামে ঘরের দেয়াল ধসে শিশুর মৃত্যু

"পরিবারটি মাটির ঘরে বসবাস করে। টানা বৃষ্টিতে ঘরের দেয়ালগুলো নড়বড়ে হয়ে গিয়েছিল।"



চউগ্রাম ব্যুরো - বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 6 August 2023, 08:58 AM Updated: 6 August 2023, 08:58 AM

টানা বৃষ্টিতে চট্টগ্রামে ঘরের দেয়াল ধসে এক শিশুর মৃত্যু হয়েছে।

বাঁশখালী উপজেলার বৈলগাঁও ২ নম্বর ওয়ার্ডে শনিবার গভীর রাতে এ ঘটনা ঘটে বলে পুলিশ জানায়।

আনুমানিক পাঁচ বছর বয়সী ওই শিশুটির নাম মো. মেজবাহ, সে ওই এলাকার রফিকুল আলমের ছেলে।

বাঁশখালী থানার এসআই শহীদুল ইসলাম বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, পরিবারটি মাটির ঘরে বসবাস করে। টানা বৃষ্টিতে ঘরের দেয়ালগুলো নড়বড়ে হয়ে গিয়েছিল। "রাতে বাবা-মার সাথে ঘুমাতে যায় শিশুটি। রাত দেড়টার দিকে মাটির দেয়াল ধসে পড়ে শিশুটির মৃত্যু হয়।"

পতেঙ্গা আবহাওয়া আফিসের হিসাব অনুযায়ী রোববার বেলা ১২টা পর্যন্ত ২৪ ঘন্টায় ২২০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে চট্টগ্রামে।

টানা বৃষ্টিতে তৃতীয় দিনের মত ডুবেছে চট্টগ্রাম শহর। নগরীর নিচু এলাকাগুলোর পাশাপাশি অন্যান্য সড়ক ও অলিগলিতেও পানি উঠে গেছে।

সকালে অতিবৃষ্টি ও রাস্তায় পানির কারণে অফিসগামী যাত্রীরা ভোগান্তিতে পড়েন।

চউগ্রাম	বৃষ্টি	দেয়াল ধস
---------	--------	-----------

bdnews24.com

প্রধান সম্পাদক ও প্রকাশক: তৌফিক ইমরোজ খালিদী

Copyright © 2023, bdnews24